



ঢাকা বিশ্ববিদ্যালয় : ইংরেজী বিভাগে ০৩ (তিন)টি স্থায়ী প্রভাষকের শূন্য পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দপ্তর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বেতন স্কেল : প্রভাষক পদের ২২,০০০-৫৩,০৬০/- টাকা (জাতীয় বেতন স্কেলে ২০১৫)

প্রভাষক পদের যোগ্যতা : প্রার্থীদের অবশ্যই ইংরেজীতে বি.এ. (সম্মান) এবং ইংরেজী সাহিত্যে অথবা ফলিত ভাষাতত্ত্ব ও ইংরেজী ভাষাশিক্ষনে এম.এ. থাকতে হবে। প্রার্থীদের বি.এ (সম্মান) এবং এম.এ. পরীক্ষার উভয়টিতে প্রথম শ্রেণী অথবা সিজিপিএ-এর ক্ষেত্রে ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ অথবা কোন বিদেশি বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রি থাকতে হবে। প্রার্থীদের অবশ্যই এস.এস.সি এবং এইচ.এস.সি উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০-এর মধ্যে ন্যূনতম ৪.২৫ থাকতে হবে। অন্যান্য যোগ্যতা সমান থাকলে নিয়োগের ক্ষেত্রে ইংরেজী সাহিত্যে ডিগ্রিধারী এবং উচ্চতর ডিগ্রিধারী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ ৮ (আট) কপি দরখাস্ত রেজিস্ট্রারের নিকট পৌঁছাতে হবে। দরখাস্তের প্রত্যেক কপির সাথে সার্টিফিকেট, মার্কসিট, প্রশংসাপত্র এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করতে হবে। চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে। দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ০৩/০৬/২০২১।